দৈনিক
ইত্তেফাক

তারিখ 31 JAN 2010
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য বন্ধ করতে হবে

............ মতিয়া চৌধুরী

■ ইত্তেফাক রিপোর্ট

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, সার্বজনীন শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে অসুস্থ ও অশুভ প্রতারণা এবং ভর্তি বাণিজ্যসহ অবৈধ ডোনেশন প্রথা বন্ধ করতে হবে। এই অভিশাপ থেকে জাতিকে মুক্ত করতে না পারলে সুস্থ শিক্ষিত ও সৃজনশীল জাতি গঠন বাধাগ্রস্ত হবে। গত শুক্রবার বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী পুনর্মিলন ২০১০ উৎসব উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। পুনর্মিলন কমিটির আহবায়ক মাহফুজা খানমের সভাপতিত্বে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রওশন আক্তার, কমিটির সদস্য সচিব মুশতারী কাসেম ও আফরোজা হক। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী ও সাবেক মন্ত্রী ব্যারিস্টার রাবেয়া ভুঁইয়া। মতিয়া চৌধুরী বলেন, এইচএসসি ও এসএসসি পরীক্ষার অশুভ প্রতিযোগিতাকে ঠেকে দিয়েছে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা। তিনি বলেন, শিক্ষার নামে অসুস্থ ও অশুভ প্রবণতা বন্ধ করতে না পারলে ছাত্র-ছাত্রীদের প্রকৃত প্রতিভা বিকশিত হবে না। সাংবাদিকদের প্রশ্নের জবাবে মতিয়া চৌধুরী বলেন, বিএনপি বঙ্গবন্ধুর হত্যাকারীদের সাথে হাত মিলিয়েছিল। তিনি বলেন, যুদ্ধাপরাধী ও জঙ্গীবাদসহ সকল অপরাধের বিচার করবে সরকার।

ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, একটি দেশের ভবিষ্যৎ নির্মিত হয় সেই দেশের শিক্ষা প্রতিষ্ঠানকে ঘিরে। চরিত্র ও ব্যক্তিত্ব গঠনে শিক্ষার কোন বিকল্প নেই। তিনি বলেন, মানবিক সম্পর্কগুলো শিথিল হয়ে যাচ্ছে। তিনি ব্যক্তিগত ও পারিবারিক জীবনে পারস্পরিক সম্পর্ক জোরদার করার আহবান জানান।

# শিক্ষকদের বিষয়ে সরকার সচেতন

............ মেনন

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) ৭ম দ্বি-বার্ষিক সম্মেলন গতকাল শনিবার রাজধানীর হাবীবুল্লাহ বাহার ইউনিভার্সিটি কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন এমপি। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ড. হারুন-অর-রশিদ। সম্মেলন উদ্বোধন করেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ড. আখতারুজ্জামান। সম্মেলনে বাকবিশিসের মহানগর শাখার কমিটি গঠন করা হয়।

প্রধান অতিথির বক্তৃতায় রাশেদ খান মেনন বলেন, বর্তমান সরকার শিক্ষকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সচেতন। তিনি নতুন শিক্ষানীতি বাস্তবায়নে শিক্ষক সমাজকে এগিয়ে আসার আহবান জানান। সম্মেলনে সভাপতিত্ব করেন বাকবিশিস ঢাকা মহানগর সভাপতি প্রফেসর মাহফুজা খানম।